দৈনিক বাংলা

031

তারিখ ... ... 1|2|79 ...
পৃষ্ঠা... ... ... ... কলাম... ... ...

# কালো বাজারের প্রথম পাঠ

চতুর্থ এবং পঞ্চম শ্রেণীর প্রচুর সংখ্যক ছাত্র কালো বাজারের প্রথম পাঠ নিচ্ছে। এই দুই শ্রেণীর পাঠ্য বইয়ের অভাবের জন্য এটা হয়েছে।

ছাত্ররা কালোবাজার থেকে নির্ধারিত মূল্যের চেয়ে তিন-চারগুণ বেশি দাম দিয়ে বই কিনছে। কালোবাজারে চতুর্থ শ্রেণীর এক সেট বইয়ের মূল্য হচ্ছে ২৫ টাকা থেকে ৩৫ টাকা পর্যন্ত। কিন্তু এর নির্ধারিত মূল্য হচ্ছে ১২.৭৫ টাকা।

বহু অল্পবয়স্ক ছেলে মতিঝিল বাংলাদেশ স্কুল টেক্সট বোর্ডের কাউন্টার থেকে লাইন দিয়ে বই কিনে সেগুলো তারা ছাত্রদের কাছে উচ্চ মূল্যে বিক্রি করছে।

কাউন্টারে বই কেনার সময় বহু অভিভাবক, শিক্ষক এবং ছাত্রদের এই অভিযোগ করতে দেখা যায়। বহু সংখ্যক দুষ্টু ছেলের দল কাউন্টারের সামনে অভিভাবক এবং ছাত্রদের কাছে বই বিক্রি করছে। এক অভিভাবককে ২৫ টাকা দিয়ে চতুর্থ শ্রেণীর এক সেট বই ক্রয় করতে দেখা গেছে বলে এনা প্রতিনিধি জানিয়েছেন।

এনার এই প্রতিনিধি বাংলাদেশ টেক্সট বুক বোর্ডের সেক্রেটারী জনাব আবদুর রশীদের সাথে যোগাযোগ করলে তিনি জানান যে, এ সম্পর্কে তিনি অবহিত আছেন। তিনি বলেন, নিয়ম অনুযায়ী ক্রেতাকে কাউন্টারে স্কুল কর্তৃপক্ষের একটি সার্টিফিকেট পেশ করতে হবে। কিন্তু কিছু সংখ্যক ক্রেতা এ নিয়ম ভঙ্গ করছেন।